

ঢাকা, ১০ মার্চ ২০২৩

প্রেস আমন্ত্রণ

‘খুলনার আলোকচিত্র চর্চা: ইতিহাসের পথ বেয়ে’

আলোকচিত্র প্রদর্শনী (সপ্তাহব্যাপী)

উদ্বোধন: ১২ মার্চ ২০২৩, বিকাল ৬টা

দুক গ্যালারি, ঢাকা

আগামী ১২ মার্চ ২০২৩, দুক পিকচার লাইব্রেরি খুলনা জেলায় আলোকচিত্র চর্চার ইতিহাস নিয়ে সপ্তাহব্যাপী একটি প্রদর্শনীর আয়োজন করছে।

বাংলাদেশ আলোকচিত্র চর্চার ইতিহাস নিয়ে দূকের একটি দীর্ঘমেয়াদি ও চলমান গবেষণার উপর ভিত্তি করে এই প্রদর্শনীটি ফেব্রুয়ারি মাসে খুলনা জেলায় অনুষ্ঠিত হয়েছে। সেখানে প্রবীণ আলোকচিত্রী বিমল কুমার দে, তুষার কান্তি রায় চৌধুরী, নুরুল হক লাভলু, সিমসন এস অধিকারী, সোহেল মাহমুদ, আব্দুল বাদি টুলু এবং রেটিনা ও অভিসার স্টুডিওর সংগ্রহশালা থেকে বাছাইকৃত ছবি অন্তর্ভুক্ত করা হয়েছিল।

আমাদের দৃশ্যমান বা চাক্ষুষ সাংস্কৃতিক ঐতিহ্যের এই অবিচ্ছেদ্য অধ্যায়কে ঢাকার দর্শকদের কাছে উপস্থাপনের তাগিদ থেকে প্রদর্শনীটি এবারে ঢাকায় আয়োজিত হবে।

আসছে রবিবার বিকাল ৬টায় প্রদর্শনীটির উদ্বোধন করা হবে পান্থপথস্থ দুকপাঠ ভবনের ২য় তলায় অবস্থিত দুক গ্যালারীতে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন খুলনা জেলার প্রবীণ আলোকচিত্রীগণ এবং দূকের পক্ষ থেকে ড. শহিদুল আলম।

সপ্তাহব্যাপী এই প্রদর্শনীটি সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং চলবে আগামী ১৯ মার্চ ২০২৩ পর্যন্ত।

আপনার বহুল প্রচারিত গণমাধ্যমে এই উদ্বোধনী আয়োজন এবং প্রদর্শনীটির খবর প্রচার/সম্প্রচারের জন্য একজন রিপোর্টার/ফটোসাংবাদিক/ক্যামেরা পারসন প্রেরণের জন্য বিনীত অনুরোধ করছি।

প্রয়োজনে, যোগাযোগঃ

আমিনা নিয়ামত, মোবাইলঃ +8801557757194, ইমেইলঃ amina@drik.net

অথবা

পারভেজ আহমেদ রনি, মোবাইলঃ +8801737758800, ইমেইলঃ parvez@drik.net